দৈনিক
আমাদের সময়

তারিখ 28 SEP 2016
পৃষ্ঠা ৭ কলাম ৫

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

# সি ইউনিটের ভর্তি পরীক্ষা শুক্রবার

**জবি প্রতিনিধি** ●

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) ২০১৬-১৭ শিক্ষাবর্ষের অনার্স (সম্মান) প্রথমবর্ষের সি ইউনিটের (ব্যবসায় শিক্ষা অনুষদ) ভর্তি পরীক্ষা আগামী শুক্রবার অনুষ্ঠিত হবে। গত সোমবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তর থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য নিশ্চিত করা হয়েছে। বিজ্ঞপ্তিতে জানানো হয়, আগামী ৩০ সেপ্টেম্বর শুক্রবার একযোগে ১২টি পরীক্ষা কেন্দ্রে বিকাল ৩টা থেকে ৪টা পর্যন্ত ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ১ম বর্ষ সম্মান শ্রেণির সি ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।